শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো



গোলক ধাঁধা



সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

5	8						2	
	7		4					
		9	8		1		6	5
	2		6					
		3		8		2		
					7		4	
8	1		7		2	5		
					8		3	
	4						7	1

গতকালের সমাধান

7	2	1	5	9	3	4	6	8
3	9	4	8	2	6	1	5	7
6	8	5	1	4	7	2	3	9
5	7	9	4	3	1	6	8	2
8	4	2	7	6	5	3	9	1
1	3	6	9	8	2	5	7	4
2	5	8	6	1	9	7	4	3
4	1	7	3	5	8	9	2	6
9	6	3	2	7	4	8	1	5

আবহাওয়া

পূর্বাভাস: মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮০ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।২৬, **সূর্যাস্ত:** ঘ।২৯ **জোয়ার:**বিকেল ৪:৫৩। **ভাঁটা:** সকাল ১২:২৫।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	64.8357
INR / 1 Euro	77.3036
INR / 100 Jap. YEN	57.7500
INR / 1 Pound Sterling	87.9637

শেয়ারসূচক

BSE	31,626.63	▼ (-295.81)
NIFTY	9872.60	▼ (-91.80)

শব্দলিপি- ১০০৫



কাবেরী কাঞ্জিলাল

পাশাপাশি : ১। ভাগ্যের বিড়ম্বনা ৪। খেলোক্তি ৫। খারাপ অভ্যাস ৭। ছুতোর ৮। বিশ্রাম ১০। মুখের সংখ্যায় লক্ষেশ ১২। তরলবস্তু মাপার একক ১৩। মনগড়া

উপরনীচ : ১। বিত্তশূন্য ২। লেপনকারী ৩। সংগ্রহ ৪। অতীত ৬। তরল হয়ে স্রোতের মতো ক্ষরিত ৯। অন্ধকার ১০। আকস্মিক বেগ ১১। নাচিয়ে

সমাধান : শব্দলিপি ১০০৪

পাশাপাশি : ১। পওহারী ৪। লাটিম ৬। খানসামা ৭। ফিসফিসানি ৯। খাসচাকর ১১। লম্বমান ১৩। রসিকা ১৪। খাকসার

উপরনীচ : ২। ওজন ৩। রীতিমাফিক ৪। লাফালাফি ৫। মশকনিধন ৬। খাই খাই কর ৮। সরলরেখা ১০। চামচিকা ১২। মাদ্রাসা

অমৃতায়ন সংঘের পুজোর উদ্বোধনে সুন্দরবন উন্নয়ন মন্ত্রী : মন্টুরাম পাখিরা

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : উৎসব আনন্দের মাঝে সাত বছরের প্রাঞ্জলের পাশে থাকার বার্তা দিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী মন্টুরাম পাখিরা।

অমৃতায়ন সংঘের পুজো উদ্বোধন এসে তিনি যখন কর্মকর্তাদের কাছে জানালেন, রামকৃষ্ণ গ্রাম পঞ্চায়েতের প্রাঞ্জল হালদারের হার্ট অপারেশন হবে।। তার জন্য সংঘের তরফ থেকে তার বাবার হাতে কিছু অর্থ তুলে দেওয়া হবে। তৎক্ষণাৎ তিনি উপস্থিত জন সাধারণের কাছে আবেদন জানান। প্রাঞ্জলের পাশে থাকার। শুধু তাই নয়, তিনি সরকারে তরফ থেকে সাহায্যের প্রতিশ্রুতিও দেন। গত বছর অমৃতোয়ন সংঘের তরফ থেকে এক ইঞ্জিনিয়ারিং পাঠরত ছাত্রের কিডনির জন্যও বেশ কিছু অর্থ সাহায্য করা হয়েছিল, সে এখন সুস্থ।

মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্যে অমৃতায়ন সংঘের এই প্রয়াসকে সাধুবাদ জানান। এদিন পুজো মণ্ডপ থেকে কয়েকজন দরিদ্র মহিলা-পুরুষদের শাড়ী, ধুতি ইত্যাদি দেওয়া হয়। সংবর্ধনা জানানো হয় মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পরীক্ষায় বিশেষভাবে সাফল্য পাওয়া ছাত্র-ছাত্রীদের। পুজো উদ্বোধনে মন্ত্রী ছাড়া উপস্থিত ছিলেন কাকদ্বীপের মহকুমা শাসক রাহুল নাথ, সমষ্টি উন্নয়ন আধিকারিক পার্থ বন্দ্যোপাধ্যায় প্রমুখ।

উত্তরহাবড়া সেবা সংঘের দুর্গাপ্রতিমা

হাওড়ার বালিটিকুরী নেতাজী বালক সংঘের পুজোর উদ্বোধন করতে গিয়ে প্রতিবন্ধীদের সাহায্যে হাত বাড়িয়ে দিলেন সেচমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়।

ভাগ্যলিপি

মেষ

আপনার কাজ আজ শান্তিতে শেষ করার চেষ্টা করুন। তাহলে ফল মিলতে পারে।

বৃষ

আপনি পরিবারের জন্য ও বন্ধুদের মূল্যবান সময় নষ্ট না করে, তাকে কাজে লাগানোর চেষ্টা করুন।

মিথুন

আপনার আবেগ এবং স্পর্শকারতা আজ আপনাকে এগিয়ে নিয়ে যাবে।

কর্কট

সম্পর্কের উন্নতি হবে। এগিয়ে চলার চেষ্টা করুন ফল মিলতে পারে।

সিংহ

আজ সাড়াটা দিন, কাজের মধ্যে আপনাকে ব্যস্ত থাকতে হবে। সমালোচনা সরিয়ে নিজেকে কর্ম চঞ্চল করে তুলুন।

কন্যা

বৃহত্তর পরিকল্পনার দিকে এগোচ্ছেন তার জন্য নেতৃত্ব দেওয়ার ক্ষমতা আয়োজন করুন।

তুলা

প্রতিযোগীতার মুখোমুখি হয়ে কাজ করার চেষ্টা করুন সফল হবেন।

বৃশ্চিক

ব্যবস্যায়ে আজকে খতির সম্ভাবনা রয়েছে। ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করুন।

ধনু

ব্যাতিক্রমী বিষয় গুলির দিকে নজর দিন। সাফল্য আজ নাও আসতে পারে।

মকর

ব্যাবসায়ীক দিক থেকে এগিয়ে চলার চেষ্টা করুন লাভ আসবে।

কুম্ভ

বন্ধুদের সঙ্গে আজ সময় কাটানোর দিন। তাদের সঙ্গে বেড়াতে যেতে পারেন।

মীন

উজ্জ্বল দিন। তাকে কাজে লাগানোর চেষ্টা

হাওড়ার ছড়িবাড়ির পুজো

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার রামচরণ শেঠ রোডের ছড়িবাড়ির পুজো শুরু হয়েছিল ১৯৯৬ সালে বয়েসে নবীন হলেও বাড়ির প্রতিমা, ঠাকুর দালান ও ঝাড়বাতি আনাচে কানাচে লুকিয়ে আছে বনেদিয়ানার ছাপ। ভবানীপুরের মল্লিকবাড়ি, ঠনঠনিয়া দত্তবাড়ির অনুপ্রেরণায় শুরু হয়েছিল ছড়িবারি এই পুজো। প্রথমে এই পুজো দশভুজার মূর্তির্তে পুজো হত। পরবর্তীকালে পরিবর্তন হয় দশভুজার রূপে। সেই দশভুজা অস্ত্র ত্যাগ করে হয়ে উঠলেন ছড়িবাড়ির কন্যা উমা। বর্তমানে এখানে দেবী দুর্গা উমারূপে পূজিত হয়ে থাকে। এই পুজোর সঙ্গে প্রত্যক্ষভাবে যুক্ত উদয়বাবু জানিয়েছেন, প্রতিপদে শুরু হয় মায়ের কল্পারম্ভ। উল্টোরথের দিন শুরু হয় কাঠামো পুজো। যষ্ঠীর সন্ধ্যায় হয় 'জামাই বরণ' ও 'বেলবরণ' উৎসব। সপ্তমীর দিন মাকে দেশে-বিদেশের বিভিন্ন প্রান্তের জল ও মৃত্তিকা দিয়ে মাকে 'মহাস্নান' করানো হয়। এই মাটি পরিবারের সদস্যরা সারা বছর দিয়ে সংগ্রহ করেন।

বিশুদ্ধ সিদ্ধান্ত মতে এই বাড়ির দুর্গাপুজো হয়ে থাকে। অষ্টমীর দিন হয় কুমারী পুজো। নবমীর দিন ধুনোপড়া। এই পুজোর বৈশিষ্ট এখানে অর্ধরাত্রিবিহিত ও সন্ধিপুজো দুই হয়ে থাকে। পুজোয় প্রত্যেক দিন মাকে বিভিন্ন রকমের ভোগ দেওয়া হয়। সেই ভোগের মধ্যে থাকে খিচুড়ি, পোলাও, রাধাবল্লবী প্রভৃতি। সন্ধি পুজোর পর দেওয়া হয় আমিষ ভোগ। দশমীর দিন নীলকণ্ঠ পাখি রূপে একটি নীল বদ্রি পাখি ওড়ান হয়। এরপর যাত্রা হয় গঙ্গার উদ্দেশে। বিসর্জনের পর গুরুকে ভগবতী রূপে পুজো করে তারপরই শেষ হয় ছড়িবাড়ির দুর্গাপুজো।

হাওড়ার ইছাপুর শিবাজী সংঘের থিম 'কন্যাভ্রূণে মা'

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : প্রতিদিন প্রায় ২ হাজার কন্যাভ্রূণ হত্যা হয়ে থাকে আমাদের এই দেশে। কিন্তু সেই দেশেই প্রায় ৬ হাজারের মত মা দুর্গা পুজো হয়ে থাকে। দেশে বহু কন্যা আছেন যাঁরা দেশকে সম্মৃদ্ধ করেছেন। একদিকে যেমন কন্যা ভ্রূণ হত্যা চলছে, অন্যদিকে তেমন মাকে দেবীজ্ঞানে পুজো করা হচ্ছে এই দেশে। এই ভাবনাকে সামনে রেখে হাওড়ার ইছাপুর শিবাজী সংঘের এবছরের থিম 'কন্যাভ্রুণে মা'।

এই পুজো প্রসঙ্গে পুজো কমিটির সাধারণ সম্পাদক পলাশ পাল জানিয়েছেন মণ্ডপ চত্বর সাজানো হয়েছে ফলের ট্রে, ইঞ্জেকশনের সিরিঞ্জ, প্লাস্টিকের বালতি, চার চাকা গাড়ির চাকা, হেড লাইট প্রভৃতি দিয়ে। মণ্ডপ সাজানো হয়েছে দেশের কন্যা যারা নিজেদের কাজে দেশকে সম্মৃদ্ধ করছে তাদের প্রতিকৃতি দিয়ে। এদেই মধ্যে আছেন মাদার টেরিজা, প্রীতিলতা ওয়াদ্দেদার, সারমা দা, মাতঙ্গিনী হাজরা প্রমুখ অগ্নিকন্যাদের প্রতিকৃতি। মণ্ডপের ভেতরে সাজান হবে ভ্রূণের প্রতিকৃতি দিয়ে।

হাওড়ার ড্রেনেজ ক্যানেল রোডে ইকো পার্কের পাশে এই পুজো চলে আসছে ৪৪ বছর ধরে। প্রতিবছর দুর্গাপুজোয় নতুন ভাবনা নিয়ে আসে দর্শনার্থীদের কাছে। সেই কারণে এখানে দর্শনার্থীদের সংখ্যা অনেকবেশি হয়। সেইজন্য থাকছে একটি করে প্রবেশ ও বাহির পথ। দুটো পথই হবে অনেকটা বড়। এছাড়াও থাকবে ২টি আপৎকালীন পথ।

দর্শনার্থীদের জন্য সুরক্ষার ব্যাপারে পুজো কমিটির পক্ষ থেকে মহম্মদ জিন্না জানিয়েছেন, দর্শনার্থীদের জন্য সম্পূর্ণ সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে। পুজোর দিনে ভিড় নিয়ন্ত্রণের জন্য নিরাপত্তারক্ষীর ব্যবস্থা করা হবে। পুজোর সময় কোনওরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে সিসিটিভি ক্যামেরার ব্যবস্থা করা হয়েছে। মোট ৬টি ক্যামেরা ব্যবহার করা হবে পুজোর দিনে। সেই ক্যামেরায় লক্ষ্য রাখার জন্য একজন সর্বদা থাকবে। পুজোর দিনগুলিতে প্রতিদিন ৬ জন করে নিরাপত্তা কর্মী থাকবে। এছাড়াও থাকবে ৪০ জনের বেশি স্বেচ্ছাসেবক।

অগ্নিনির্বাপণের ব্যবস্থা প্রসঙ্গে জানিয়েছেন, তাদের মণ্ডপের কাছেই ঝিল, পুকুর আছে। সেখানে প্রত্যেকটাতেই পাম্প লাগানো হয়েছে। এছাড়াও অগ্নি নির্বাপক গ্যাসের ব্যবস্থা করা হয়েছে। পুজোর সময় এর জন্য মোট ৭টা সিলিন্ডার আনা হবে। তাছাড়াও থাকবে ৫টা বালির বাকেট।

অবৈধ সম্পর্কের গৃহবধূর গায়ে অ্যাসিড ছুড়ল প্রতিবেশী যুবক

নিজস্ব সংবাদদাতা, হাবড়া : বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরে এবারে এক গৃহবধূর যৌনাঙ্গে অ্যাসিড ছোড়ার অভিযোগ উঠল প্রতিবেশী এক যুবকের বিরুদ্ধে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, প্রতিবেশী ও যুবক গৃহবধূর প্রাক্তন প্রেমিক। রবিবার রাতে ঘটনাটি ঘটেছে হাবড়া থানার কুমড়ো মহিষা দাসপাড়া এলাকায়। ঘটনার পর থেকেই পলাতক ওই যুবক। আশঙ্কাজনক অবস্থায় গৃহবধূ চিকিৎসাধীন রয়েছেন হাবড়া হাসপাতালে। অভিযুক্তের খোঁজে তল্লাশি চালাচ্ছে হাবড়া থানার পুলিশ। হাবড়া হাসপাতালের সুপার শঙ্করলাল ঘোষ জানান, ওই গৃহবধূর গোপনাঙ্গে ক্ষত রয়েছে। তবে এখন অনেকটাই ভালো আছেন তিনি। চিকিৎসা চলছে। জানা যায়, রবিবার রাতে ওই গৃহবধূকে অ্যাসিড ছুঁড়েই পালিয়ে যায় তার প্রাক্তন প্রেমিক। নাম রামু দাস। বিবাহ বহির্ভূত সম্পর্কের জেরেই এই হামলা বলে জানা গিয়েছে। স্থানীয় বাসিন্দারা জানান, এলাকার ভোলা দাস নামে এক ব্যক্তির সঙ্গে বিবাহ বহির্ভূত সম্পর্কে জড়িয়ে পড়েন গৃহবধূ। কিছুদিনের মধ্যে বিষয়টি জানাজানি হওয়ার পরেই স্বামী স্ত্রীর মধ্যে সম্পর্কে ফাটল ধরে। তবে বিষয়টি যাতে আর বেশি পাঁচ কান না হয় তারজন্য ওই গৃহবধূ ও রামু দাসের দুই পরিবার ও প্রতিবেশীদের মধ্যস্থতায় একটা মীমাংসাও হয়। সেই মীমাংসার পর থেকে ওই গৃহবধূ আর পূর্বের সম্পর্ককে গুরুত্ব দিতেন না। আর এতেই ক্ষিপ্ত হয়ে ওঠে প্রাক্তন প্রেমিক রামু দাস। আক্রান্ত গৃহবধূর পরিবারের অভিযোগ, মাঝে মাঝেই প্রাক্তন প্রেমিক রামু দাস ওই গৃহবধূকে উত্যক্ত করত। ইদানীং সে উত্যক্ত করার পরিমাণ বাড়িয়ে দিয়েছিল। রামুর বিরুদ্ধে আগেও হাবড়া থানায় অভিযোগ জানিয়ে ছিল গৃহবধূর পরিবার। পুলিশের ধারণা, রামু গৃহবধূকে কিছুতেই বাগে আনতে না পেরে এই হামলা চালায়। একই অভিযোগ করেছেন গৃহবধূর পরিবারের লোকেরাও। পুলিশসূত্রে জানা গিয়েছে, রবিবার সন্ধ্যায় গৃহবধূ বাড়ির সামনে উঠোনে বসে ছিলেন। সেই সময় অন্ধকারের মধ্যে রামু পিছন থেকে এসে গৃহবধূর গায়ে অ্যাসিড ছুঁড়ে পালিয়ে যায়। এরপরই গৃহবধূর চিৎকার চেঁচামেচি শুনে পরিবারের লোকজন ও প্রতিবেশীরা ছুটে আসেন।পরিবারের পক্ষ থেকে সঙ্গে সঙ্গে অ্যাসিড আক্রান্ত গৃহবধূকে নিয়ে যাওয়া হয়। হাবড়া হাসপাতালে। ঘটনার পরেই হাবড়া থানায় গৃহবধূর পরিবারের তরফে অভিযোগ জানানো হয়। অভিযোগের পর থেকেই অভিযুক্ত রামু দাস পলাতক।

ধর্ষক বাবার পুলিশি হেফাজতের নির্দেশ দিল বনগাঁ আদালত

নিজস্ব সংবাদদাতা, বনগাঁ : বনগাঁর তরুণী ধর্ষণে অভিযুক্ত ধর্ষক সাধু বাবা গোবিন্দ মোহান্তকে সোমবার হাজির করা হল উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ আদালতে। অভিযুক্তকে পাঁচ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। পুলিশসূত্রে জানা গিয়েছে, বৃন্দাবনের আখড়ার এক সেবাদাসীকে দিনের পর দিন ধরে ধর্ষণ করে গোবিন্দ মোহান্ত। নামে অভিযুক্ত সাধুবাবা। এই বিষয়ে আরও তথ্য জানার জন্যই তাকে পুলিশি হেফাজতে নেওয়া হয়েছে। জানা যায়, বনগাঁ থানার খয়রামারি এলাকার ওই যুবতীকে বছর খানেক আগে পরিচারিকার কাজের জন্য অভিযুক্ত সাধুবাবর বৃন্দাবনের আশ্রমে নিয়ে যায় যুবতীর পরিবারের লোকেরা।

কাজের আছিলায় ওই যুবতীকে দিনের পর দিন আশ্রমের গোপন ডেরায় নিয়ে গিয়ে ধর্ষণ করে অভিযুক্ত।

পুলিশের কাছে বনগাঁর ওই যুবতী জানিয়েছে, আশ্রমে সকলে ঘুমিয়ে পড়লে সাধুবাবা তাকে গোপনে ডেরায় নিয়ে গিয়ে ধর্ষণ করত। প্রতিবাদে তাকে মারধরও করা হত। এরপরই ওই যুবতী অন্তঃসত্ত্বা হয়ে পড়লে তাকে বাড়িতে ফিরিয়ে দেয় অভিযুক্ত সাধুবাবার চ্যালাচামুন্ডারা।

প্রথা ভেঙে তারাপীঠে পুজো, এবার রজত জয়ন্তী বর্ষ

নিজস্ব সংবাদদাতা, রামপুরহাট : প্রথা ভেঙে একসময় পুজো শুরু করেছিলেন কয়েকজন যুবক। সেই পুজোয় এখনমন্দিরের সেবাইতরাই পরোক্ষ ভাবে অংশগ্রহণ করেন।এবার তারাপীঠের সেই পুজো ২৫ বছরে পা দিল। পুজোর উদ্বোধন করবেন তারাপীঠ-রামপুরহাট উন্নয়ন পর্ষদের ভাইস চেয়ারম্যান সুকুমার মুখোপাধ্যায়।মা তারা সব দেবদেবীর ঊর্ধ্বে। তাই এলাকায় কোনও দেবী মূর্তি পুজোর চল নেই। ফলে তারাপীঠে কোনও দেবী মূর্তির পুজো হত না। সেই প্রথা ভেঙে ১৯৯৩ সালে গদাধর মণ্ডল, ধ্রুবহরি দাস, রুদ্রপ্রসাদ মণ্ডল, প্রয়াত অতুল মণ্ডল, বিকাশ মণ্ডলের মতো কয়েকজন যুবক পুজো শুরু করেছিলেন তারাপীঠ দক্ষিণ পাড়ায়। বর্তমানে তাদের পরবর্তী প্রজন্ম পুজোর হাল ধরেছে। মা দুর্গা সর্বজনীন রূপ পেয়েছে। এবার ২৫ বছর উপলক্ষে অন্যরূপ পেয়েছে তারাপীঠ দক্ষিণপাড়া মা দুর্গা ক্লাবের পুজো। পুজো চারদিন নানা সাংস্কৃতিক অনুষ্ঠানে মেতে উঠবেন এলাকায় মানুষ। এলাকার প্রবীণ বাসিন্দা ক্লাবের প্রথম সভাপতি রুদ্রপ্রসাদ মণ্ডল বলেন, 'তারাপীঠে মা তারা সব দেবদেবীর ঊর্দ্ধে। ফলে এখানে কোনও দেবী মূর্তি পুজোর চল নেই। তাই এলাকার বাসিন্দারা দুর্গা পুজোর আনন্দ উপভোগ করতে যেত রামপুরহাটে। বছর পঁচিশ আগে আমরা কয়েকজন মিলে সিদ্ধান্ত নিই এলাকায় দুর্গা পুজো করব। আমরা এলাকার মানুষকে বোঝায় গোটা এলাকাটা তারাপীছ হিসাবে পরিচিত হলেও আমরা বাস করি তারাপুর মৌজায়। আর মা তারা রয়েছেন চণ্ডীপুর মৌজায় তাই দেখলাম আমাদের এখানে পুজো করতে কোনও বাধা নেই। ফলে সেবার কয়েকটা সভা ডেকে পুজো শুরু করে দিলাম। তাতে অবশ্য মন্দিরের সেবাইতরা কোনও বাধা দেননি। তারাপীঠ মন্দির কমিটির সভাপতি তারাময় মুখোপাধ্যায় বলেন, 'পুজো শুরুর কথা আমি ঠিক বলতে পারব না। তবে ওই এলাকাটা তারাপীঠের মধ্যে হলেও মৌজা আলাদা। আলাদা পাড়া। তাই সেখানে পুজো করতে কোনও আপত্তি নেই। আমরা সেবাইতরা প্রত্যক্ষভাবে পুজোয় অংশগ্রহণ করতে না পারলেও পরোক্ষভাবে করে। চাঁদা দেয়। মণ্ডপে যায়। এবার পুজোর সভাপতি চণ্ডীচরণ মণ্ডপ, সম্পাদক লক্ষণ লেট, কৌশিক রায় বলেন, আমাদের পুজো রজত জয়ন্তী বর্ষ। তাই পুজো চারদিন বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছি। অষ্টমী ও নবমীতে ভোগ খাওয়ানো হবে। ষষ্ঠীর দিন রাত্রে গুণীজন এবং পুজো যারা শুরু করেছিলেন তাদের সংবর্ধনা দেওয়া হবে। রজত জয়ন্তী উপলক্ষে দক্ষিণ ভারতের মন্দিরের আদলে মণ্ডপ গড়া হয়েছে। মূর্তি গড়া হয়েছে সাবেকি।